

মোহনপুরে জেডিসিতে নকলে সহায়তা করায় চারজন দণ্ডিত

প্রতিনিধি, রাজশাহী

রাজশাহীর মোহনপুরে জেডিসি পরিচায় সাঁকোয়া বাকশেল কমিউন মদ্রাসা কেন্দ্রে পরীক্ষার্থীকে নকলে সহায়তার অভিযোগে শ্রামাণ আদালত বাকশেল মহিলা দাখিল মদ্রাসার সহসূপার সাঁকোয়া বাকশেল কাফিল মদ্রাসার এক পিয়নকে জরিমানা শেষে বহিষ্কার ও দণ্ডিত করে অবহেলার কারণে দাখিল মদ্রাসার দুজন শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

জানা গেছে, গত শনিবার জেডিসি আরবি সাহিত্য পরিচায় উপজেলার সাঁকোয়া বাকশেল কমিউন মদ্রাসা কেন্দ্রে অনুষ্ঠিত হয়। দুপুর ১২ টার দিকে দুই নম্বর কক্ষের দায়িত্বরত শিক্ষক বাকশেল মহিলা দাখিল মদ্রাসার সহসূপার মান্দা উপজেলার মন্ডল গ্রামের বয়েজ উদ্দিনের ছেলে সাহাজস আলী (৩৫) ও সাঁকোয়া বাকশেল কমিউন মদ্রাসার পিয়ন মোহনপুর উপজেলার বরিঠা গ্রামের আব্দুল কাইয়ুমের ছেলে আব্দুল হান্নান (২৮) এক নম্বর কক্ষে ঢুকে পরীক্ষার্থীদের নকলে সহায়তা করার সময় উপজেলা নির্বাহী অফিসার শামীম আহমেদ হাতেনাতে ধরে তাদের আটক করেন। অন্যদিকে এক নম্বর কক্ষে দায়িত্বরত হাটরা দাখিল মদ্রাসার সহকারী মৌলভী মোহনপুর উপজেলার চকআলম গ্রামের মছির উদ্দিনের

ছেলে আব্দুল কানাম (৩৬) ও সহকারী কৃষি শিক্ষক বাগমারা উপজেলার সাইখাড়া গ্রামের মুনসুর রহমানের ছেলে মোস্তফা কামাল (৩৮) দায়িত্ব পালনে অবহেলার সঙ্গে নকলে সহযোগিতা করেন।

পরে মোহনপুর উপজেলা নির্বাহী অফিসার শামীম আহমেদ শ্রামাণ আদালত বসিয়ে সহসূপার সাহাজস আলী ও পিয়ন আব্দুল হান্নানকে জরিমানা শেষে বহিষ্কার করেন। হাটরা দাখিল মদ্রাসার সহকারী মৌলভী আবুল ও কৃষি শিক্ষক মোস্তফা কামালকে কেন্দ্রের দায়িত্ব হতে অব্যাহতি দেন।

মোহনপুর উপজেলা নির্বাহী অফিসার শামীম আহমেদ জানান অভিযুক্তদের জরিমানা ও বহিষ্কার করা হয়েছে। এছাড়াও তাদের বিরুদ্ধে বিজ্ঞপ্তি আইপত ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।